গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ/২০২৪) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	১৩-০৩-২০২৪
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লেখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৪) সভা আহ্বান করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এটি ৩য় কোয়ার্টারের সভা। সভায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

১.২। সভায় উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন চার্টার পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি): গত ১২-০৩-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে। কিন্তু সিটিজেন চার্টারে কোন লিঙ্ক দেয়া নেই। এছাড়া, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা-বক্স আকারে দেয়া আছে কিন্তু নাগরিক সেবার বক্স নেই। এ বিষয়ে বিপিসি'র প্রতিনিধি জানান যে, ১২-০৩-২০২৪ তারিখে বিপিসি এলপিজি বটলিং প্লান্টের ফরম লিঙ্ক আকারে দেয়া আছে। তবে, বিপিসি সরাসরি কোন নাগরিক সেবা প্রদান করে না বিধায় সেবা প্রদান প্রতিশ্রুতি ড্যাশবোর্ডে নাগরিক সেবার কোন বক্স যুক্ত নেই। পেট্রোবাংলা: গত ১২-০৩-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে; কিন্তু কোন লিঙ্ক দেয়া নেই। এ বিষয়ে পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, অভ্যন্তরীণ সেবার ৩টি লিঙ্ক দেয়া আছে। এছাড়া, এ মাসের মধ্যে নতুন করে আরো লিঙ্ক দেয়া হবে। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি): গত ১১-০৩-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে; কিন্তু কোন লিঙ্ক দেয়া নেই। জিএসবি'র প্রতিনিধি জানান যে, তাদের নাগরিক সেবার লিঙ্ক দেয়া আছে, কিন্তু অভ্যন্তরীণ সেবায় সরাসরি আবেদনের মাধ্যমে কাজ করতে হয় বিধায় কোন লিঙ্ক দেয়া নেই। বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই): গত ১২-০২-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে। শুধু ইমেইল লিঙ্ক করা আছে; অন্য কোন লিঙ্ক করা নেই। এ বিষয়ে বিপিআই'র প্রতিনিধি জানান যে, অন্য লিঙ্কগুলো এ মাসের মধ্যে আপডেট করা হবে।

১.৩। বিস্ফোরক পরিদপ্তর: গত ২৯-০১-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে।তবে পুনরায় আপডেট করার বিষয়ে সভায় মতামত দেয়া হয়। এছাড়, বিস্ফোরক পরিদপ্তরের সিটিজেন চার্টারে কোন লিঙ্ক দেয়া নেই বিধায় এ মাসের মধ্যে লিঙ্ক দেয়ার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। হাইড্রোকার্বন ইউনিট: গত ১২-০৩-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে এবং তাদের কিছু লিঙ্ক দেয়া আছে। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি): গত ১২-০৩-২০২৪ তারিখে তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেছে। কিছু লিঙ্ক দেয়া আছে। আরো লিঙ্ক সমৃদ্ধ করা গেলে ভালো হয় মর্মে সভায় অবহিত করা হয়। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি): তাদের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করেনি, কোন লিঙ্কও দেয়া নেই। বিইআরসি'র প্রতিনিধি জানান যে, মার্চ ২০২৪ মাসের মধ্যেই লিঙ্কসহ হাল নাগাদ করা হবে।

১.৪। সভায় উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) জনান যে, মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে 'সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম' (URL:nis.cabinet.gov.bd)-শীর্ষক অনলাইন সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে 'সেবা প্রদান প্রতিশ্রুতি' সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রস্তুত ও ত্রৈমাসিক অগ্রগতির তথ্য প্রেরণের সুযোগ রয়েছে। উল্লিখিত সফটওয়্যারটির মাধ্যমে কর্মপরিকল্পনা প্রস্তুত ও ত্রৈমাসিক অগ্রগতির তথ্য প্রেরণ করা হলে হার্ড কপিতে কোন তথ্য প্রেরণের প্রয়োজন হবে না। এ লক্ষ্যে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ত্রৈমাসিক অগ্রগতি প্রেরণের বিষয়ে এ বিভাগের প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করতে হবে।

১.৫। সভাপতি **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল কার্যক্রম রয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া, সকল দপ্তর/সংস্থা ত্রৈমাসিক ভিত্তিতে তাদের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিত করবেন। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লেখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী তৃতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যারের মাধ্যমে নির্ধারিত সময়ের (১০ এপ্রিল/২০২৪) মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।** সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপর এবং দপ্তর/সংস্থা কর্তৃক হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

০২। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ	বাস্তবায়নে
২.১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা
২.২	সকল দপ্তর/সংস্থা সিটিজেন চার্টার এ প্রয়োজনীয় লিঙ্ক সংযোজন এবং নির্দেশনা অনুযায়ী সংশোধনপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করবে;	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা
২.৩	নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের তৃতীয় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২৪) সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যারের মাধ্যমে নির্ধারিত সময়ের (১০ এপ্রিল/২০২৪) মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা
২.৪	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা

৩। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও
খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১৩২১

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট
৭) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
১০) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১৩) অফিস কপি

মোঃ শেখ শহিদুল ইসলাম
উপসচিব